

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত একটি জাহাজ নির্মাণ ও মেরামতকারী শিল্প প্রতিষ্ঠান এবং উক্ত কারিগরি কাজে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষিত ও কারিগরি কাজে দক্ষ (যেমন- ওয়েল্ডার, ফিটার, পাইপ ফিটার, ইলেকট্রিশিয়ান ইত্যাদি) জনবলের প্রয়োজন হয়। বর্তমানে কারিগরি জনবলের চাহিদা বিবেচনায় এবং অত্র ইয়ার্ডের Corporate Social Responsibility (CSR) এর আওতায় দক্ষ মানব সম্পদ তৈরির লক্ষ্যে বিদ্যমান কারিগরি অবকাঠামো, যন্ত্র, মেশিন এবং টুলস ব্যবহার করে টেকনিক্যাল ট্রেনিং সেন্টার স্থাপনের মাধ্যমে নিজস্ব চাহিদা মেটানোর পাশাপাশি দেশের মানব সম্পদ উন্নয়নে ভূমিকা রাখা সম্ভব হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'স্মার্ট বাংলাদেশ' গড়ার প্রত্যয়ে মাননীয় নৌবাহিনী প্রধানের নির্দেশনাক্রমে ডিইডব্লিউ লিঃ এর মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করতঃ জাতীয় পর্যায়ে অবদান রাখার নিমিত্তে অত্র ইয়ার্ডে টেকনিক্যাল ট্রেনিং সেন্টার স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায়, অদ্য ০২ মে ২০২৪ রোজ বৃহস্পতিবার ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ডিইডব্লিউটিটিসি) শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র ইয়ার্ডের ব্যবস্থাপনা পরিচালক, কমডোর আব্দুল্লাহ্- আল- মাকসুস, (ট্যাজ), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন। এছাড়াও ডিইডব্লিউটিটিসি এর অধ্যক্ষ ক্যাপ্টেন আসিফ আদিল, (ই), পিএসসি, বিএন, অত্র ইয়ার্ডের মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণ, ইয়ার্ডের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন ট্রেডের প্রশিক্ষার্থীগণ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।